মামলার ফাঁদে ফেলে একাধিক ব্যক্তির কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে ঝিনাইদহে জুলেখার বিরুদ্ধে

ঝিনাইদহের জুলেখা বেগম নামে এক মহিলার বিরুদ্ধে একাধিক ব্যক্তির নামে বিভিন্ন ধরণের মামলা করে সাধারণ মানুষের হয়রানি ও টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া গেছে। বিভিন্ন তথ্য থেকে জানা যায় হামদহ এলাকার শেরে বাংলা সড়কের আলিয়া মাদ্রাসার পূর্বপাশে মৃত মফিজ মিয়ার স্ত্রী জুলেখা বেগম তার নিজের দুই ছেলের নামে কোর্টে ৫টি মামলা এবং থানায় ৪টি অভিযোগ ছাড়াও জমি সক্রান্ত, মারামারি ও যৌতুকের মামলাসহ বিভিন্ন ব্যক্তির নামে ৩০থেকে ৩৫টি মামলার বাদি হয়ে মামলা করার খবর পাওয়া গেছে। কোন কোন মামলা থেকে বড় অংকের টাকা নিয়ে মিমাংশা করার খবরও জানা গেছে। জুলেখার ছেলে মুন্নার নামে যে মামলাটি করেন তার নং ঝিনাইদহ সিআর ৪৩৩/১৪।

এছাড়া একই এলাকার তোফাজ্জেল হোসেন, রাজিব, রাকিব, রামেলা খাতুন এদের নামে সিআর মামলা নং ১০/২০১৮,১১৬২/১২। নাসির মালিতা, ফিরোজ মালিতা, সেলিম মালিতা ও পান্টু মিয়াসহ একাধিক ব্যক্তির নামে সি আর মামলা নং ৪০১/১৬ মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে আসছে তাছাড়া নাসির উদ্দীনের নামে অন্য আরও মামলা রয়েছে যার নং সি আর ৫৩৬/২০১৭।

শৈলকুপার নিত্তানন্দপুর সাপখোলা গ্রামের হাসমত আলির বিরুদ্ধে মিথ্যা বিবাহের কাবিন তৈরী করে খোরপোশ এবং যৌতুকের মামলা দিয়ে হয়রানি করেছে যার মামলা নং ৪০/১০ঝিনাইদহ পারিবারিক আদালত।

জুলেখা বেগমের ছেলে বলেন আমার মা একজন মামলাবাজ মহিলা সে তার জামাই নাসির উদ্দীন এবং বড় ছেলের ইন্দোনে আমার নামে ৪টি মিথ্যা মামলাসহ বিভিন্ন ব্যক্তির নামে মামলা করে টাকা হাতিয়ে নেওয়ার চেষ্টা করে। মাসুদের নামে যে মামলা করেছে তার মধ্যে সিআর ৬৩৮/১৯, ৭৫/২০। এছাড়া আমার বাবার বাড়ির শৈলকুপা আশুর হাট এলাকার অধিকাংশ ব্যক্তির নামে একাধিক মামলা করে হয়রানি করে আসছে।

এমনকি তার নিজের বাড়ি নিজে ভেঙ্গে সতিন এবং সতিনের ছেলে ও

জামাইদের নামে মিথ্যা মামলা দিয়ে দীর্ঘদিন হয়রানি করে আসছে মামলা নং ঝিনাইদহ পিটিশন ২৯/২০২০। এই মামলাবাজ মহিলার জন্য এলাকাবাসী ও আত্মিয় স্বজন অতিষ্ট।

সুষ্ঠু তদন্ত স্বাপেক্ষে এই মামলাবাজ মহিলার বিচার দাবি করেন এলাকাবাসী।

কোটচাঁদপুরে সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মাঝে চেক বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে এসএফএনটিসির অধীন কোটচাঁদপুর আউটার সিগনাল হইতে বড়বামনদাহ শেষ সীমানা জামতলা পর্যন্ত ৭.৫০ সিডলিং কি.মি. সামাজিক বনায়ন। এই বনায়নে সম্পৃক্ত ১’শ ৮৬ জন উপকারভোগী সদস্যদের মাঝে বাগানের গাছ বিক্রয়ের লভ্যাংশের চেক বিতরণ করা হয়েছে।

শুক্রবার বিকালে পৌর শহরের বড়বামনদাহ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে লভ্যাংশের এই চেক বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়।
বন উন্নয়ন কমিটির সভাপতি মো: ইলিয়াস হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা আতিয়ার রহমান, পৌর কাউন্সিলর মো: সোহেল আল-মামুন, ব্যাংক কর্মকর্তা রকিব উদ্দীন (অবঃ), ব্যাংক কর্মকর্তা আব্দুর রাজ্জাক (অবঃ), সাবেক পৌর কাউন্সিলর আব্দুস সামাদ, সমিতির অন্যতম সদস্য ব্যবসায়ী আব্দুল হামিদ প্রমুখ।

অনুষ্ঠানে বাগানের গাছ বিক্রয়লদ্ধ অর্থের ৫৫% শেয়ার বাগানের সহিত সম্পৃক্ত ১’শ ৮৬ জন উপকারভোগী প্রতি সদস্যকে ৩ হাজার ৯’শ ১৩ টাকার চেক প্রদান করা হয়।

মেপ্র/আরপি

ঝিনাইদহে কলাক্ষেতে মিলল মাদ্রাসাছাত্রীর লাশ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার দাদপুর গ্রামের একটি কলাক্ষেত থেকে কেয়া খাতুন (১৫) নামে এক মাদ্রাসাছাত্রীর অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১০ টার দিকে লাশটি উদ্ধার করা হয়।

নিহত কেয়া খাতুন উপজেলার ত্রিলোচনপুর গ্রামের সামাউল হক সামাদের মেয়ে।

এ বছর বালিয়াডাঙ্গা দাখিল মাদ্রাসা থেকে জেডিসি পাশ করেছিলেন কেয়া।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে দাদপুর গ্রামে ক্ষেতে কাজ করতে গেলে প্রচন্ড গন্ধ পায় কৃষকেরা। তারা খোঁজ শুরু করলে ক্ষেতের একপাশে মাথার লম্বা চুল ও জুতা দেখতে পান। বিষয়টি পুলিশকে জানায় তারা।

খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌঁছে মাটি খুঁড়ে কিশোরী কেয়া খাতুনের অর্ধগলিত লাশ উদ্ধার করে।

নিহতের বাবা সামাউল হক সামাদ বলেন, ‘গত ২৬ ফেব্রুয়ারি ত্রিলোচনপুর বাড়ি থেকে রাত সাড়ে ৮ টার দিকে তার মেয়ে নিখোঁজ হয়। এরপর ১ মার্চে থানায় একটি জিডি করি। আজ সকালে খবর পেয়ে দাদপুর গ্রামের মাঠে গিয়ে মেয়ের লাশ দেখতে পাই। মেয়ের মাথার ব্যান্ড ও জুতা দেখে লাশ শনাক্ত করি।’

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার বলেন, ‘পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়ে। কি কারণে ও কিভাবে কেয়াকে খুন করে

ক্ষেতে ফেলে রাখা হয়েছে জানাতে তদন্ত চলছে।’

পুলিশ ও স্থানীয়া জানান, ‘প্রায় ৪ মাস আগে উপজেলার নরেন্দ্রপুর গ্রামের মনছুর মালিথার ছেলে সাবজেল হোসেনের সঙ্গে বিয়ে হয় কেয়ার। বিয়ের পর থেকে সে নিজ বাড়িতেই ছিল। গত ২৬ ফেব্রুয়ারি রাত ৮ টার দিকে বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় কেয়া। ’

ঝিনাইদহে সিও এনজিও গ্রহক পিটিয়ে ৫০হাজার টাকায় রফাদফা

ঝিনাইদহে এনজিওর কিস্তির টাকা পরিশোধ না করতে পারার কারনে ঝিনাইদহ সদর উপজেলার গান্না ইউনিয়নের পশ্চিম নারায়পুর গ্রামের সামসুলের ছেলে আক্তারুল(২৮) নামে এক ব্যক্তি কে পিটানর অভিযোগ উঠেছে ঝিনাইদহের সিও সংস্থার বিরুদ্ধে।

ঝিনাইদহ সদর থানার অভিযোগের সুত্র থেকে জানা যায় নারায়ন পুর গ্রামের আক্তারুল ইসলাম ২০ হাজার টাকা ঋণ নিয়ে ৫৫০ টাকা করে নিয়মিত কিস্তিতে পরিশোধ করে। তবে গত ২০ দিন যাবত জ্বরে অসুস্থ্য হওয়ার কারনে ২ হাজার টাকা কিস্তি বাকী পড়ে।

এই অবস্থায় গত রবিবার সকাল ১০ টার দিকে সিও এর ঋণ আদায়কারী কর্মী সামছুল ইসলাম কিস্তি নিতে আসলে আক্তারুলের স্ত্রী আদায় কারিকে কাকুতি মিনতি করে বলে যে আমার স্বামী খুব অসুস্থ্য তাই আজ কিস্তি দিতে পারছি না। স্বামী সুস্থ্য হলে অফিসে গিয়ে শেষ ২ হাজার টাকা পরিশোধ করে আসব। কিস্তি না পেয়ে সামছুল ইসলাম ক্ষিপ্ত হয়ে গালাগালি করতে থাকে। ঘটনা কে কেন্দ্র করে কথা কাটা কাটি করে চলে যেয়ে মোবাইলে ডেকে নিয়ে আসে সিও গান্না অফিসে কর্মরত আরো ৫ জন কে। তারা এসে ১২ টার দিকে বেধড় মার পিট করে আক্তারুল ইসলাম কে।

তাদের হাতে মার খেয়ে আরও অসুস্থ্য হয়ে পড়ে আক্তারুল ইসলাম। তখন তাকে প্রথমে কালীগঞ্জ হাসপাতাল পরে সেখান থেকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। তবে সর্বশেষ জানা গেছে যে ঘটনাটা অত্র ইউনিয়নের চেয়ারম্যানের মাধ্যমে মিমাংশা হয়েছে। তবে ভুক্ত ভোগী

জানায় যে তারা আমাকে বেধম মারপিট করে এই মর্মে আমি থানায় অভিযোগ করেছিলাম পরে চেয়ারম্যান দায়িত্ব নেওয়ার পর আমি চুপচাপ আছি।

এদিকে নাম ও পদবী, এনজিও, প্রকাশে অনিচ্ছুক এনজিও এক মাঠ কর্মীর সাথে সাংবাদিকদের কথা হলে তিনি বলেন আমরা নিরুপাই। আমাদের লোনের কিস্তির টাকা আদায় করতে না পারলে আমাদের বেতন থেকে টাকা কেটে নিয়ে লোনের কিস্তির টাকা শোধ করা হয়। প্রশ্ন করি কোন এনজিও তিনি বলেন সকল এনজিও ই এই কাজটি করে থাকেন। বললে চাকুরী চলে যাবে।

গান্না ইউনিয়নের চেয়ারম্যান নাছির উদ্দিন মালিথার বলেন ঘটনা সত্য। যে কিস্তি আদায় করে সে খুব খারাপ সে মহিলা মানুষ নিয়ে আপত্তিকর কথাও বলেছে। আমাদের এখানকার কলেজের প্রন্সিপাল সিও এনজিওর মালিকের বন্ধু তার সাথে বসে ৫০হাজার টাকায় মিমাংশা হয়েছে।

সিও এর নির্বাহী পরিচালক সামছুল ইসলাম ঘটনা সত্যতা স্বীকার করে বলেন একটু ভুল বোঝা বোঝি হয়েছিল গান্না ইউনিয়নের চেয়ারম্যান ও ক্যাম্পের আইসি বসে তাহা মিমাংশা করে দিয়েছে।

বেতাই ক্যাম্পের আইসি এস আই হাবিব বলেন তদন্ত করে জানাগেছে মারধরের ঘটনা সত্য। চেয়ারম্যান আর সিওর মালিক এক জায়গায় বসাবসি করে টাকার মাধ্যমে মিমাংশা হয়েছে শুনেছি, আমার কাছে এখনো মিমাংশার কাগজ পায়নাই।

মেপ্র/আরপি

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেপ্তার ২ জনের বিরুদ্ধে মামলা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ০২ বোতল ফেনসিডিল সহ রবিউল নামের একজনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী রবিউল(৩২) দর্শনা আজিমপুরের পিতা আইয়ুব আলীর ছেলে।

পুলিশ জানায় গতকাল বুধবার সকাল সাড়ে ৯ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলার মাননীয় পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর নির্দেশে ওসি মাহবুব এর নেতৃত্বে ও সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা আজিমপুর মাঠপাড়া হতে ০২ বোতল সহ রবিউল (৩২) কে গ্রেফতার করা হয়এবং পলাতক দেখিয়ে একই গ্রামের চা বিক্রেতা দুলাল হোসেনের ছেলে রায়হানের বিরুদ্ধে মামলা। গ্রেফতারকৃত আসামী রবিউলের বিরুদ্ধে মাদক মামলা দায়ের করা হয়েছে।

এদিকে দর্শনা থানার নতুন ওসি মাহবুব রহমানের যোগদানের একমাস না হতেই মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের ঘুম নষ্ট হয়ে গেছে। একে একে ধরা পড়ছে মাদকের চালান।

এ বিষয়ে ওসি মাহবুব রহমান জানান মাদক অভিযান আরো কঠোর করা হবে এবং দর্শনা থানা মাদকমুক্ত করে ছাড়বো।

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে জনপ্রতিনিধিদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহে উগ্রবাদ প্রতিরোধে জনপ্রতিনিধিদের ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সেমিনারের উদ্বোধন করেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রবিউল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, ডিএমপির উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ আসাদুজ্জামান, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার তোহিদুল ইসলাম ও সিদ্দিকুর রহমান।

পুলিশের কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিটের

আয়োজনে এ সেমিনারের জেলার ৬৭টি ইউনিয়নের চেয়াম্যান, ইউপি সদস্য, আনসার সদস্যসহ ৫০০ জন অংশ নেয়। এসময় উগ্রবাদ বিরোধে জনপ্রতিনিধিদের বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদাণ করা হয়।

কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে টিউবয়েলের গর্তে ডুবে আমিনুর রহমান সাব্বির নামে দুই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। গতকাল সোমবার দুপুরে উপজেলার জালালপুর গ্রামের মালোখালি পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত সাব্বির ওই গ্রামের কবিরুল বিশ্বাসের একমাত্র ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, সোমবার দুপুরে শিশু সাব্বির খেলতে যেয়ে বাড়ির মধ্যে একটি টিউবয়েলের পানির গর্তে পড়ে যায়। পরে পরিবারের লোকজন গর্তের মধ্যে শিশু সাব্বিরের ডুবন্ত অবস্থায় দেখতে পায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন, স্থানীয় ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন। এঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে মরমী কবি পাগলা

কানাইয়ের জন্মজয়ন্তী উৎসব শুরু

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্য দিয়ে পালিত হচ্ছে মরমী কবি পাগলা কানাই-এর ২১০ তম জন্মবার্ষিকী।

সোমবার সকালে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ৫ দিন ব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। পরে মাজার প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পাগলা কানাই ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামসহ অন্যান্যরা বক্তব্য রাখেন। পরে, লাঠি খেলা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, অনুষ্ঠিত হয়।

সদর উপজেলার বেড়াবাড়ি গ্রামের পাগলা কানাই স্মৃতি সংরক্ষণ সংসদ’র আয়োজনে সোমবার থেকে শুরু হওয়া এ উৎসব চলবে আগামী ১৩ মার্চ পর্যন্ত। প্রতিনিধি পরিবেশিত হবে কবি রচিত গান, পালাগান, লোকনৃত্যসহ নানা পরিবেশনা।

বাংলা ১২২৬ সালের ২৫ ফাল্গুন ঝিনাইদহের সদর উপজেলার বেড়বাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন পাগলা কানাই।

সাইবার ক্রাইম দমনে ট্রেনিং, জনবল বৃদ্ধি ও ইকুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে-আইজিপি

সাইবার ক্রাইম দমনে পুলিশের জনবল বৃদ্ধি ট্রেনিং ও ইকুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে। জেলায় জেলায় সাইবার ক্রাইম সেল গঠন করা হয়েছে বলে জানিয়েছে পুলিশের আইজি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী।

সোমবার সকালে ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানা ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।
তিনি বলেন, ভবিষ্যতে আমাদের বড় চ্যালেঞ্জ হবে সাইবার ক্রাইম। শুধু বাংলাদেশ নয় বর্তমান বিশ্বে সাইবার ক্রাইম সবথেকে আলোচিত

ক্রাইম। আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি সাইবার ক্রাইম রোধে জনবল বৃদ্ধির। সেই সাথে ইক্যুপমেন্ট সংগ্রহ করা হচ্ছে।

পুলিশের জনবল বৃদ্ধির ব্যাপারে আইজিপি বলেন, আমাদের আশপাশের দেশগুলোতে জনসংখ্যার তুলনায় পুলিশের সংখ্যা বেশি। কিন্তু বাংলাদেশে প্রায় সাড়ে ৮’শ লোকের জন্য একজন পুলিশ। এজন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি পুলিশের জনবল বৃদ্ধির জন্য। প্রধানমন্ত্রীর কাছে আমরা আবেদন করেছি।

উনি নিশ্চয় এটি বিবেচনা করে জনবল বৃদ্ধির চেষ্টা করবেন। এর আগে নব-র্নিমিত কোটচাঁদপুর মডেল থানা ভবন উদ্বোধন করেন। পরে থানায় একটি এ্যাম্বুলেন্স ও একটি পিকআপ ভ্যান প্রদাণ করেন। এসময় ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন, ঝিনাইদহের জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার হাসানুজ্জামানসহ পুলিশ কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘প্রজন্ম হোক সমতার, সকল নারীর অধিকার’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে স্বেচ্ছাসেবী সংগঠন উই, এইড, ব্র্যাক এইডের জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রকল্পের সহযোগিতায় রোববার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নিলুফার রহমান, প্রোগ্রাম অফিসার খোন্দকার শরীফা আক্তার, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক অ্যাড. সালমা ইয়াছমিন, এইডের জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী খন্দকার আশরাফুন্নাহার আশা।

এসময় বক্তারা, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও নারীর ক্ষমতায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

মেপ্র/আরপি